

পরিচর্যা ও সুযোগের জন্য একটি পরিকল্পনা



আরো বেশি চাইল্ড কেয়ার, আরো বেশি অপশন

ছোট শিশু আছে এমন পরিবারের জন্য, চাইল্ড কেয়ারের সুবিধা পাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। যখন আরো বেশি মা-বাবা সশ্রমী চাইল্ড কেয়ারের সুবিধা পাবেন, তখন তারা চাকরিতে ফিরে যেতে পারবেন। চাইল্ড কেয়ারে অ্যাক্সেস বাড়ানো এবং আরো বেশি পরিবারের জন্য সামর্থ্য বাড়াতে অন্টারিও বাজেটে তিন বছর ধরে \$2.2 বিলিয়ন ডলারেরও বেশি বাড়তি বিনিয়োগ করছে।



স্কুল শুরুর আগের ও স্কুল ছুটি পরবর্তী পরিচর্যা

বেশিরভাগ প্রাথমিক স্কুলে কর্মসূচি প্রদান করাটা স্কুল বোর্ডগুলোর জন্য বাধ্যতামূলক করার মাধ্যমে 12 বছর বয়স পর্যন্ত শিশুদের পরিবারবৃন্দের জন্য স্কুল শুরুর আগের ও স্কুল ছুটি পরবর্তী পরিষেবা কর্মসূচিতে আরো ভালোভাবে অ্যাক্সেস প্রদান করা হচ্ছে।



বিনামূল্যে প্রিস্কুল চাইল্ড কেয়ার

আড়াই বছর বয়সী শিশুরা কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়ার আগে পর্যন্ত তাদের জন্য বিনামূল্যে প্রিস্কুল চাইল্ড কেয়ার চালু করার মাধ্যমে পরিবারবৃন্দের জন্য আরো সশ্রমী মানসম্পন্ন চাইল্ড কেয়ার প্রদান করা হচ্ছে, পূর্ণ-দিবস কিন্ডারগার্টেন থেকে পরিবারগুলোর যা সশ্রম হবে তার সাথে এটি যোগ হবে।



চাইল্ড কেয়ারের জন্য আরো বেশি আসন

উচ্চমানসম্পন্ন চাইল্ড কেয়ার অ্যাক্সেস করার জন্য 100,000-এরও বেশি শিশুকে সাহায্য করা হচ্ছে - এবং নতুন সব আসনের শতকরা প্রায় 60 ভাগের ক্ষেত্রে ভর্তুকিপ্ৰাপ্ত পরিবারগুলোকে বাড়তি আর্থিক সহায়তা প্রদান করা হবে।

বিনামূল্যে প্রিস্কুল

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- আড়াই বছর বয়সী শিশুরা 2020 সালের সেপ্টেম্বর থেকে কিন্ডারগার্টেনের জন্য যোগ্য হওয়ার আগে পর্যন্ত তাদের জন্য প্রিস্কুল চাইল্ড কেয়ার সম্পূর্ণভাবে ফ্রি করে দেয়ার মাধ্যমে প্রতিটি শিশুর জন্য পরিবারবৃন্দের গড়ে \$17,000 ডলার সশ্রম হবে।

- স্কুলগুলোতে 10,000 প্রিন্সুল চাইল্ড কেয়ার আসন এবং 4,000 কমিউনিটি-ভিত্তিক আসন তৈরি করার জন্য আগামী ছয় বছর ধরে \$534 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হবে।
- সমগ্র প্রদেশজুড়ে 45,000 নতুন লাইসেন্সধারী চাইল্ড কেয়ার আসন তৈরির জন্য পাঁচ বছর ধরে মূলধন হিসেবে \$1.6 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করা হবে।

অ্যাক্সেস বাড়ানো এবং চাইল্ড কেয়ার পদ্ধতির উন্নয়ন

অন্টারিওতে যা যা করা হচ্ছে:

- চাইল্ড কেয়ারে অ্যাক্সেস বাড়ানো এবং আরো বেশি পরিবারের জন্য সামর্থ্য বাড়াতে অন্টারিও তিন বছর ধরে \$2.2 বিলিয়ন ডলার প্রদান করছে।
- ফার্স্ট নেশন কমিউনিটিগুলোতে 1,800 এরও বেশি শিশু ও তাদের পরিবারবৃন্দকে উন্নত, সাংস্কৃতিকভাবে প্রাসঙ্গিক চাইল্ড কেয়ার, এবং শিশু ও পরিবারের জন্য কর্মসূচি প্রদান করা হচ্ছে।
- রিজার্ভগুলোতে নতুন ও বিদ্যমান চাইল্ড কেয়ার কর্মসূচিগুলোর জন্য বাড়তি তহবিল হিসেবে তিন বছরে \$40 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।
- চাইল্ড কেয়ারে কর্মরত পেশাজীবীদের বেতন বাড়িয়ে এবং তাদের নিয়োগ, রেখে দেয়া ও পেশাগত উন্নয়নে বিনিয়োগ করার মাধ্যমে তাদেরকে সহায়তা করা হচ্ছে।
- বিজড়িত ও অবহিত শিক্ষাবিদদের দ্বারা উচ্চমানসম্পন্ন চাইল্ড কেয়ার প্রদান অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য একটি বেতন গ্রিড তৈরি করা হচ্ছে।